

নমুনা প্রশ্ন

জে এস সি পরীক্ষা - ২০১৩

বিষয় : বাংলাদেশ ও বিশ্বপরিচয় (সৃজনশীল)


সময় : ২ ঘণ্টা ১০ মিনিট

পূর্ণমান—৬০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। যে কোন ছয়টি প্রশ্নের উত্তর দিতে হবে।]

- ১। 'ক' ও 'খ' প্রতিবেশি দুটি রাজ্য। 'খ' রাজ্যের প্রাচুর্যের কারণে ও শাসন ব্যবস্থার দুর্বলতার সুযোগে 'ক' রাজ্যের কতিপয় ব্যবসায়ী 'খ' রাজ্যের কিছু অসাধু রাজ কর্মকর্তার সহযোগিতার মাধ্যমে অর্থনৈতিক ও প্রশাসনিক দায়িত্ব নিজেদের হাতে নিয়ে নেয়। ফলে 'খ' রাজ্যটি দীর্ঘদিন 'ক' রাজ্যের শাসন ও শোষণের কারণে নিস্পেষিত হয়।
- ক) দিল্লির কোন সম্রাটের মৃত্যুর পর মোগল সাম্রাজ্যে সংকট দেখা দেয়? ১
- খ) বঙ্গভঙ্গ বলতে কি বোঝায়? ২
- গ) উদ্দীপকে উল্লিখিত 'খ' রাজ্যের শাসন ক্ষমতা 'ক' রাজ্যের হস্তগত হওয়ার সাথে বাংলার যে নবাবের সাদৃশ্য রয়েছে সে নবাবের পরাজিত হওয়ার কারণগুলো ব্যাখ্যা কর। ৩
- ঘ) বাংলার জনগণ কীভাবে নিজেদেরকে উদ্দীপকে বর্ণিত পরিস্থিতি থেকে পরিজ্ঞান ঘটিয়েছিল? বিশ্লেষণ কর। ৪


২।



- ক) বিবিসির কোন সাংবাদিক বাংলাদেশের মুক্তিযুদ্ধের পক্ষে খবর প্রচার করে গেছেন?

১

- খ) বঙ্গবন্ধুর ৭ই মার্চের ভাষণকে বাঙালি জাতির মুক্তির সনদ বলা হয় কেন? ২
- গ) মুক্তিযুদ্ধে মুজিবনগর সরকারে কার্যক্রম ব্যাখ্যা কর। ৩
- ঘ) উদ্দীপকে 'K' চিহ্নিত সেক্টরটির ব্যতিক্রমধর্মী তাৎপর্য ছিল। উক্তটি বিশ্লেষণ কর। ৪
- ৩। রাকিব ও শান্ত জেএসসি পরীক্ষা শেষে বিভিন্ন ঐতিহাসিক নিদর্শন সমৃদ্ধ স্থান ভ্রমণ করতে বের হল। 'A' নামক একটি শহর দেখে তারা অভিভূত হল। যেখানে ৫২ টি ইমারত এখনও টিকে আছে। বিভিন্ন যাদুঘর ও সংগ্রহশালা পরিদর্শন শেষে শান্ত মন্তব্য করল এসব প্রত্ননিদর্শন দেখে আমরা সে যুগের অভিজাত শ্রেণির মানুষের জীবনযাত্রা সম্পর্কে ধারণালাভ করতে পারি।
- ক) ঔপনিবেশিক যুগ কাকে বলে? ১
- খ) আন্টাঘর ময়দানে ১৯৫৭ সালে কেন একটি স্মৃতিস্তম্ভ নির্মিত হয়? ২
- গ) উদ্দীপকে ইঙ্গিতকৃত 'A' নামক শহরটির একটি বিবরণ তুলে ধর। ৩
- ঘ) অনুচ্ছেদে শান্তর মন্তব্যটির তাৎপর্য বিশ্লেষণ কর। ৪



- ক) সামাজিকীকরণ কী? ১
- খ) সামাজিকীকরণে '২' নং মাধ্যমটির ভূমিকা ব্যাখ্যা কর। ২
- গ) ছকে বর্ণিত '৪' নং মাধ্যমটি কিভাবে সামাজিকীকরণের সহায়তা করার পরিবর্তে সামাজিক মূল্যবোধের অবক্ষয় ও বিশৃঙ্খলার কারণ হয়ে দাঁড়ায় ব্যাখ্যা কর। ৩
- ঘ) '৫' নং মাধ্যমটি আজকের দিনে সারা পৃথিবীতে সবচেয়ে শক্তিশালী ও জনপ্রিয় গণমাধ্যম হিসেবে সামাজিকীকরণে ভূমিকা রাখছে"— যুক্তসহ বিশ্লেষণ কর। ৪
- ৪। স্বপন শু স্বজন দুই ভাই। স্বপন কৃষিকাজ করে, মাছ চাষ করে ও হাঁস-মুরগি পালন করেন। তাকে দেখে অনুপ্রাণিত হয়ে আরও অনেকেই আজ স্বাবলম্বী। অন্যদিকে স্বজন প্রশিক্ষণ নিয়ে সিঙ্গাপুর যান এবং ভালো বেতনের চাকরি পান। বিদেশ থেকে তার পাঠানো টাকায় পরিবারে সচ্ছলতা আসে। দেশে ফিরে এসে তিনি একটি পোশাক কারখানা প্রতিষ্ঠা করেন। ফলে অনেক লোকের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়।
- ক) PCI এর পূর্ণরূপ কী? ১
- খ) মোট দেশজ উৎপাদনের ধারণাটি ব্যাখ্যা কর। ২

গ) উদ্ভীপকে বর্ণিত উপায়গুলো বাংলাদেশের মানবসম্পদ উন্নয়নে কিভাবে ভূমিকা রাখছে? ব্যাখ্যা কর। ৩

ঘ) “বাংলাদেশের জাতীয় অর্থনৈতিক উন্নয়নে স্বজনদের মত কর্মজীবীদের প্রেরিত অর্থের ভূমিকা অপরিসীম” — উক্তিটি বিশ্লেষণ কর। ৪

৬। সজীবদের বাড়ি কক্সবাজার জেলার সমুদ্র উপকূলবর্তী অঞ্চলে। ফলে ঐ অঞ্চলের মানুষ প্রায়ই বিভিন্ন দুর্ঘটনার কবলে পতিত হয়। বাংলাদেশ জাতীয় দুর্ঘটনা প্রতিরোধ কমিটির উদ্যোগে আয়োজিত এক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে তানভীর সাহেব দুর্ঘটনাপূর্ব করণীয় সম্পর্কে আলোকপাত করেন। বিশেষ অতিথির বক্তব্যে সজীবের চাচা দুর্ঘটনা চলাকালীন করণীয় সম্পর্কে ব্যাখ্যা দেন।

ক) গত এক শতাব্দীতে বায়ুমন্ডলে মিথেনের পরিমাণ শতকরা কত ভাগ বেড়েছে। ১

খ) বৈশ্বিক উষ্ণায়নের ধারণাটি ব্যাখ্যা কর। ২

গ) সজীবদের এলাকার মানুষ বিভিন্ন দুর্ঘটনা মোকাবেলায় দুর্ঘটনা পূর্বকালীন যে সকল পদক্ষেপ গ্রহণ করতে পারে সেগুলো ব্যাখ্যা কর। ৩

ঘ) ‘দুর্ঘটনা প্রাণহানি ও ক্ষয়ক্ষতির পরিমাণ অনেকাংশে কমিয়ে আনার ব্যাপারে কি ধরনের পদক্ষেপ অধিক যুক্তিযুক্ত? পাঠ্য বইয়ের আলোকে বিশ্লেষণ কর। ৪

৭।

ক্ষুদ্র নৃগোষ্ঠী	শ্রেষ্ঠ উৎসব
‘A’	বিজু
‘B’	ওয়ানগালা
‘C’	সাংগ্রাই
‘D’	সান্দ্রে

ক) বাংলাদেশের রাখাইনরা কোন ধর্মাবলম্বী? ১

খ) ‘C’ ক্ষুদ্র নৃগোষ্ঠীর শ্রেষ্ঠ উৎসবটি ব্যাখ্যা কর। ২

গ) ছকে বর্ণিত ‘B’ ক্ষুদ্র নৃগোষ্ঠীর সামাজিক জীবনব্যবস্থার পরিচয় ব্যাখ্যা কর। ৩

ঘ) ‘D’ ক্ষুদ্র নৃগোষ্ঠী তাদের নিজস্ব সাংস্কৃতিক জীবনব্যবস্থা দ্বারা প্রভাবিত— উক্তিটি বিশ্লেষণ কর। ৪

৮। হৃদয় তার কাকার সাথে ঢাকায় অবস্থিত একটি শিল্পের কিছু ইউনিট পরিদর্শনে গিয়ে জানতে পারল অতি অল্প সময়ে এ শিল্পটি দেশের বৃহত্তম রপ্তানিমুখী শিল্পে পরিণত হয়েছে। অন্যদিকে তার বন্ধু ‘সদয়’ দেশের এক পাহাড়ী অঞ্চলে গিয়ে দেখল অনেক শ্রমিক ছোট ছোট গাছ থেকে পাতা সংগ্রহ করছে। ‘সদয়’ তার মামার কাছে জানতে পারল এ শিল্প থেকে উৎপাদিত দ্রব্য নিজেদের চাহিদা পূরণ করে বিদেশেও রপ্তানি করে থাকে।

ক) জীববৈচিত্র্য কাকে বলে? ১

খ) প্রাকৃতিক ভারসাম্য রক্ষার জন্য বনের গুরুত্ব কেন অপরিসীম? ২

গ) হৃদয়ের দেখা শিল্পটি কোন শিল্পকে ইঙ্গিত করছে—ব্যাখ্যা কর । ৩

ঘ) বাংলাদেশের আর্থ-সামাজিক উন্নয়নে উদ্দীপকে উল্লিখিত শিল্প দুটির অবদান বিশ্লেষণ কর । ৪

৯। অর্ণবদের বাড়ি বাগেরহাট জেলায়। এখানকার ষাটগম্বুজ মসজিদ সংরক্ষণে জাতিসংঘের একটি সামাজিক সংস্থা সহায়তা করছে। ১৯৪৬ সালে প্রতিষ্ঠিত এই সংস্থাটির সদর দপ্তর ফ্রান্সের রাজধানী প্যারিসে। সম্প্রতি অর্ণবের কাকা জাতিসংঘ শান্তিরক্ষী মিশন থেকে এসেছেন। সে তার কাকার কাছ থেকে জানতে পারল জাতিসংঘ বিশ্বশান্তি রক্ষার জন্য কাজ করে যাচ্ছে।

ক) লীগ অব নেশনস বা জাতিপুঞ্জ কত সালে গঠিত হয়? ১


খ) জাতিসংঘের দুটি উদ্দেশ্য লিখ। ২

গ) অর্ণবদের এলাকায় জাতিসংঘের কোন সামাজিক সংস্থাটি কাজ করছে? ব্যাখ্যা কর। ৩

ঘ) বিশ্বশান্তি রক্ষায় জাতিসংঘের অবদান মূল্যায়ন কর। ৪

[উত্তরপত্রের সঠিক উত্তরে টিক (✓) চিহ্ন দাও]

১. বাংলায় শাসনকারী কোন বংশ স্থানীয় মানুষ ছিল না?
 (ক) সেন বংশ (খ) গুপ্ত বংশ
 (গ) মৌর্য বংশ (ঘ) আর্য বংশ
২. আজমল সাহেব একজন ব্যবসায়ী। তার ব্যাংক একাউন্টে ৩২ কোটি টাকা আছে। তার দৈনিক আয় ২ লক্ষ টাকা। তার সাথে মিল আছে কার?
 (ক) সুবাদার ইসলাম খানের (খ) সুবাদার শায়েস্তা খানের
 (গ) ঈশা খানের (ঘ) সম্রাট আকবরের
৩. লর্ড ক্লাইভ কে ছিলেন?
 (ক) পর্তুগিজ সেনাপতি (খ) ভারতীয় সেনাপতি
 (গ) ইংরেজ সেনাপতি (ঘ) মার্কিন সেনাপতি
৪. কোন নেতার নির্দেশনায় বাঙালি জাতি মুক্তি সংগ্রামে ঝাঁপিয়ে পড়ে?
 (ক) মাওলানা ভাসানী (খ) সৈয়দ নজরুল ইসলাম
 (গ) শেখ মুজিবুর রহমান (ঘ) শেখ মুজিবুর রহমান
৫. মুক্তিযুদ্ধের সময় বিশ্বের দেশে দেশে যেখানে বাঙালির বসবাস ছিল সেখানে কী দেখা দেয়?
 (ক) ঝগড়া বিবাদ (খ) প্রতিরোধ
 (গ) প্রতিবাদ (ঘ) শোকের ছায়া
৬. একাত্তরের মার্চের শুরু থেকে প্রতিদিন হয়েছে—
 i. মিছিল ii. সেমিনার iii. সমাবেশ
 নিচের কোনটি সঠিক?
 (ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii
৭. পত্রোর্ন নামে এন্টি বা মুগা জাতীয় সিন্ধু তৈরি হতো কোথায়?
 (ক) পুন্ড্র ও সমতটে (খ) সমতট ও হরিকেল
 (গ) হরিকেল ও মগধে (ঘ) মগধ ও পুন্ড্র
৮. রিয়াজ সুলতানি আমলের দৃশ্যশিল্পগুলো ভ্রমণ করেছে। সে দেখেছে—
 i. শ্রীকৃষ্ণের কাহিনী ii. রাধার কাহিনী iii. সীতার কাহিনী
 নিচের কোনটি সঠিক?
 (ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii
৯. সুলতানি আমলে বাংলার রাজধানী কোথায় ছিল?
 (ক) ময়মনসিংহ (খ) রংপুর
 (গ) মানিকগঞ্জ (ঘ) সোনারগাঁও
১০. ঐতিহ্যের প্রমাণ হিসেবে প্রত্নস্থলে পাওয়া অনেক প্রত্নবস্তু যেখানে সংরক্ষণ ও প্রদর্শন করা আছে—
 i. জাতীয় যাদুঘরে ii. সংগ্রহশালায় iii. মেলায়
 নিচের কোনটি সঠিক?
 (ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii
 নিচের অনুচ্ছেদ পড়ে ১১-১২ নং প্রশ্নের উত্তর দাও :
 রাহাত দশম শ্রেণির ছাত্র। সে নিয়মিত মসজিদে নামায পড়ে। জুমআর নামায পড়তে হরনাখ ঘোষ রোড মসজিদে যায়। রাহাতের বন্ধু দিপু হিন্দু। সে চাকেশ্বরী মন্দিরে যায় পূজা দেখতে।
১১. উল্লেখিত মসজিদের মত আরও পুরনো মসজিদ হলো—
 i. লক্ষীবাজার মসজিদ ii. বায়তুল মোকাররম মসজিদ
 iii. বেচারাম দেউড়ি মসজিদ
 নিচের কোনটি সঠিক?
 (ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii
১২. অনুচ্ছেদের ধর্মীয় স্থাপনা দুটি কোন যুগের?
 (ক) বর্তমান যুগের ঢাকার মধ্যে
 (খ) বর্তমান যুগের ঢাকা শহরে
 (গ) ঔপনিবেশিক যুগের ঢাকা শহরে
 (ঘ) ঔপনিবেশিক যুগে ঢাকার বাইরে
১৩. শিত্তরা সঙ্গী দলের মাধ্যমে কী অর্জন করে?
 (ক) নেতৃত্ব (খ) টাকাপয়সা
 (গ) মেধা (ঘ) অনুভূতি প্রবণতা
১৪. কী নিয়ে গঠিত চলচ্চিত্র ব্যক্তির জ্ঞানের ক্ষেত্রে বর্ধিত করে?
 (ক) ধর্মীয় জীবন (খ) সামাজিক জীবন
 (গ) রাজনৈতিক জীবন (ঘ) ছন্দছাড়া জীবন
১৫. মানুষ এখন নিজ সমাজ ও সংস্কৃতিতে আটকে নেই কেন?
 (ক) জনসংখ্যা বৃদ্ধির জন্য
 (খ) শিক্ষার হার বাড়ার জন্য
 (গ) তথ্য প্রযুক্তির প্রসারের জন্য
 (ঘ) অধিক শিক্ষাপ্রতিষ্ঠান স্থাপনের জন্য
১৬. স্বাস্থ্য খাতের সাথে সম্পৃক্ত কোনটি?
 (ক) কমিউনিটি সেন্টার (খ) বিপণন কেন্দ্র
 (গ) ব্যক্তিগত সেবা কেন্দ্র (ঘ) কমিউনিটি হাসপাতাল
১৭. যুব উন্নয়নে উদ্যোগী ভূমিকা পালন করতে হবে—
 i. জনগণকে ii. সরকারকে iii. সমাজকে
 নিচের কোনটি সঠিক?
 (ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii
১৮. রাষ্ট্র পরিচালনার সকল কাজ কার মাধ্যমে সম্পাদিত হয়?
 (ক) প্রধানমন্ত্রী (খ) রাষ্ট্রপতি
 (গ) মন্ত্রি পরিষদ (ঘ) সরকার
১৯. বিদেশের সাথে স্থাপিত সম্পর্কে কী বলে?
 (ক) জাতীয় (খ) কূটনৈতিক
 (গ) রাজনৈতিক (ঘ) অরাজনৈতিক
২০. রাস্তায় সৃষ্ট জলাবদ্ধতা কোন দুর্ঘটনের আওতায় পড়ে?
 (ক) মানবসৃষ্টি (খ) প্রাকৃতিক (গ) টর্নেডো (ঘ) জলোচ্ছ্বাস
 নিচের চিত্র দেখে ২০-২২ নং প্রশ্নের উত্তর দাও :



২১. চিত্র "A" এর দুর্ঘটনা রোধে কি করা জরুরী?
 (ক) গাছ লাগান (খ) সচেতনতা বৃদ্ধি
 (গ) রাস্তাঘাট নির্মাণ (ঘ) নদী খনন
২২. A এবং B এর মধ্যে মিল যে ক্ষেত্রে—
 i. উভয়ই নেতিবাচক প্রভাব ফেলে
 ii. প্রাকৃতিক কারণে সৃষ্টি
 iii. মানুষের প্রত্যক্ষ বা পরোক্ষ প্রভাব আছে
 নিচের কোনটি সঠিক?
 (ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২৩. কমিউনিটি ভিত্তিক পরিবার পরিকল্পনা কোন এলাকায় গড়ে উঠেছে?

(ক) শহরে (খ) গ্রামে (গ) হাওড় অঞ্চলে (ঘ) শহর ও গ্রামে

২৪. প্রতিটি খানা ও ইউনিয়ন স্বাস্থ্যসেবা কেন্দ্রে যা সরবরাহ নিশ্চিত করা হয়েছে—

i. ডাক্তার ii. নার্স iii. আধুনিক প্রযুক্তি
নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২৫. দেশ দ্রুত অর্থনৈতিক উন্নয়নের পথে এগিয়ে যাবে—

(ক) পরিবার বড় করলে
(খ) নারী শিক্ষা বন্ধ করলে
(গ) কর্মসংস্থানের ব্যবস্থা করলে
(ঘ) বিদেশে লোক পাঠানো বন্ধ করলে

২৬. বর্তমান সমাজের একটি প্রধান সমস্যা শিশু-কিশোরদের মানসিক বিকাশ না হওয়া। এর জন্য প্রয়োজন—

(ক) গ্রামীণ টিভি সেন্টার (খ) ডু-উপগ্রহ কেন্দ্র
(গ) গ্রামীণ জাদুঘর (ঘ) চিত্রবিনোদন

২৭. বাংলাদেশের প্রতিবেশি কিছু দেশে মাদকদ্রব্য উৎপন্ন হয়। মাদকটি হল—

(ক) তামাক (খ) বিড়ি (গ) হেরোইন (ঘ) সিগারেট

২৮. আমাদের দেশে বেকাররা মাদকাসক্ত হচ্ছে কেন?

(ক) হতাশার কারণে (খ) ইচ্ছে করে
(গ) সময় কাটাতে (ঘ) চিত্রবিনোদনের অভাবে

২৯. অদক্ষ জনশক্তি হল—

(ক) কিশোররা (খ) প্রশিক্ষণবিহীনরা
(গ) যুবকরা (ঘ) কর্মহীনরা

৩০. চাকমাদের প্রিয় খাদ্য হল—

(ক) টেংরা (খ) চিড়ি (গ) বাঁশের কোড়াল (ঘ) বাঁশ

৩১. সাংগ্রাই উৎসব পালন করে—

(ক) মারমা (খ) চাকমা (গ) গারো (ঘ) রাখাইন

৩২. গারোদের আদি ধর্মের নাম কি ছিল?

(ক) গারোসাবেক (খ) সংসারেঙ
(গ) গারসারেং (ঘ) সাংসারেক

৩৩. গারোদের আদি বাসস্থান কোথায় ছিল?

(ক) তিব্বত (খ) মিজোরাম (গ) কৈলাশপুর (ঘ) স্পেকনগর

৩৪. যে কাজের উপর ভিত্তি করে মানুষের জীবনব্যবস্থা গড়ে ওঠে—

(ক) সামাজিক (খ) অর্থনৈতিক
(গ) রাজনৈতিক (ঘ) ধর্মীয়

৩৫. কৃষিজ জমি কমে যাচ্ছে। কারণ—

(ক) দেশের আয়তন কমছে (খ) ভূমির উর্বরতা হ্রাস পাচ্ছে
(গ) জনসংখ্যা বৃদ্ধির জন্য (ঘ) জৈব সারের অভাবহেতু

৩৬. কৃষকের আর্থিক ও সামাজিক অবস্থা শিল্পায়নের সঙ্গে গভীরভাবে যুক্ত কেন?

(ক) কৃষকরা শিক্ষিত হওয়ায়
(খ) বি আর ধান আবিষ্কার হওয়ায়
(গ) ধানের দাম বৃদ্ধি পাওয়ায়
(ঘ) কৃষিতে প্রযুক্তির ব্যবহার

৩৭. রাসায়নিক সার হল—

(ক) কারখানায় উৎপাদিত (খ) জীবজাত
(গ) গোবর থেকে তৈরি (ঘ) অকৃত্রিম উপায়ে তৈরি

৩৮. আন্তর্জাতিক সংস্থা কোনটি?

(ক) সার্ক (খ) জাতিসংঘ
(গ) ইউরোপীয় ইউনিয়ন (ঘ) আসিয়ান

নিচের অনুচ্ছেদ পড়ে ৩৯-৪০ নং প্রশ্নের উত্তর দাও :

হাসেম সাহেবের প্রতিবেশি রফিক সাহেবের বাচ্চা হামে আক্রান্ত হয়। তিনি বাচ্চাটিকে দেখতে যেয়ে জানতে পারেন যে রফিক তার বাচ্চাটিকে টিকা দেয়নি। হাসেম সাহেব তখন ৬টি রোগের টিকার কথা বলেন। এই টিকা বিনামূল্যে দেওয়া হয় এবং তিনি তার বাচ্চাদের এই টিকা দিয়েছেন বলে তার বাচ্চাদের এসব রোগে হয়নি।

৩৯. হাসেম সাহেবের বাচ্চাদের সুস্থ রাখার মূলে যে সংস্থাটি কাজ করেছে—

(ক) ইউনেস্কো (খ) বিশ্ব খাদ্য সংস্থা
(গ) বিশ্বস্বাস্থ্য সংস্থা (ঘ) ইউনিসেফ

৪০. উক্ত সংস্থা কর্তৃক এই প্রকল্প গ্রহণের মূল উদ্দেশ্য কী?

(ক) গ্রামীণ ও দরিদ্র দেশগুলোকে বিনামূল্যে চিকিৎসা সেবা দেওয়া
(খ) তৃতীয় বিশ্বের দেশগুলোতে স্বাস্থ্যসেবা নিশ্চিত করা
(গ) উন্নত দেশ কর্তৃক দরিদ্র দেশকে স্বাস্থ্যগত সুবিধা দেওয়া
(ঘ) বিশ্বের সকল মানুষের জন্য সর্বোচ্চ স্বাস্থ্য সুবিধা নিশ্চিত করা